

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
শেরপুর সরকারি কলেজ, শেরপুর।

তারিখ : ২৬/১০/২০২৬ খ্রি.

বিজ্ঞপ্তি


এতদ্বারা শেরপুর সরকারি কলেজের ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রী এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, যে সকল শিক্ষার্থী ২০২৬ সালের মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বোর্ড বৃত্তি (মেধা ও সাধারণ) প্রাপ্ত হয়েছে তাদেরকে আগামী ০৫/১১/২০২৬ খ্রি. তারিখের মধ্যে বাংলাদেশ ব্যাংক এর তফসিলভূক্ত অনলাইন সুবিধা সম্পন্ন যে কোন ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে “ব্যাংক হিসাব” খুলে উক্ত ব্যাংক হিসাব নম্বরটি নিম্নোক্ত কাগজপত্রসহ কলেজের হিসাব সহকারী জনাব রিপন চন্দ্র এর নিকট জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া হলো। অন্যথায় এ বিষয়ে কোন জটিলতা সৃষ্টি হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

যে সমস্ত কাগজপত্র লাগবে :

- ০১। পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি
- ০২। শিক্ষার্থীর জন্ম নিবন্ধনের ফটোকপি
- ০৩। শিক্ষার্থীর এস.এস.সি পরীক্ষা পাশের মূল মার্কশীটের ফটোকপি
- ০৪। ব্যাংকের সঠিক রাউটিং নম্বরসহ ব্যাংক স্টেটমেন্ট
- ০৫। শিক্ষার্থীর বৃত্তির গেজেটের কপি

বিষয়টি অতীব জরুরি।

বিঃদ্র: বোর্ড কর্তৃক বৃত্তির গেজেট স্ব স্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।


অধ্যক্ষ

শেরপুর সরকারি কলেজ
শেরপুর

ফোন- ০২৯৯৮৮১৩৩৬৫

প্রকেন্সর খান্না মোঃ জিয়াউল হক
জিডি নং- ০১৫১৪৪
অধ্যক্ষ
শেরপুর সরকারি কলেজ, শেরপুর